রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ২২, ২০০৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৮ নভেম্বর ২০০৯/০৪ কার্তিক ১৪১৬

**নং অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/২৭৪**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার শুধুমাত্র মহিলাদের জন্য মাসিক মুনাফাভিত্তিক পাঁচ বছর মেয়াদী "পরিবার সঞ্চয়পত্র" পুনঃপ্রবর্তন করার লক্ষ্যে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৪-০২-১৯৯৭ ইং তারিখের অম/অসবি/সঞ্চয়/এস-০৬/৯৬/৫ নং প্রজ্ঞাপনে জারীকৃত "পরিবার সঞ্চয়পত্র নীতিমালা, ১৯৯৭" নিম্নরূপভাবে অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন ঃ**

(১) এই নীতিমালা "পরিবার সঞ্চয়পত্র নীতিমালা, ২০০৯" নামে অভিহিত হইবে।

(২) এই নীতিমালা ২০০৯ সালে পুনঃপ্রবর্তিত "পরিবার সঞ্চয়পত্রের" ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(৩) এই নীতিমালা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই নীতিমালায়—

(১) "ইস্যু অফিস" বলিতে বাংলাদেশ ব্যাংক, সকল বাণিজ্যিক ব্যাংক, ডাকঘর, জাতীয় সঞ্চয় ব্যুরো ও উহাদের যে কোন শাখা অফিসকে বুঝাইবে।

(২) "ফরম" বলিতে এই নীতিমালার সহিত সংযোজিত সঞ্চয়পত্র ক্রয়ের ফরম বুঝাইবে।



মূল্য ঃ টাকা ৬.০০

(৩) "মাস" বলিতে ইংরেজী ক্যালেন্ডারের হিসাবে মাস বুঝাইবে।

(৪) "সঞ্চয়পত্র" বলিতে "পরিবার সঞ্চয়পত্র" বুঝাইবে।

৩। **সঞ্চয়পত্র ক্রয়ের যোগ্যতা ঃ** শুধুমাত্র ১৮ (আঠার) এবং তদূর্ধ বয়সের যে কোন মহিলা নির্ধারিত ফরমে এই সঞ্চয়পত্র ক্রয়ের আবেদন করিতে পারিবেন। কোন মহিলা একক নামে সর্বোচ্চ দশ লক্ষ টাকার এই সঞ্চয়পত্র ক্রয় করিতে পারিবেন। এই সঞ্চয়পত্র যুগ্ম নামে ক্রয় করা যাইবে না, এবং ইহাতে প্রতিষ্ঠানের টাকাও খাটানো যাইবে না।

৪। **মেয়াদ ঃ** সঞ্চয়পত্রের মেয়াদ ৫ (পাঁচ) বৎসর হইবে।

৫। **মূল্যমান ঃ** সঞ্চয়পত্রের মূল্যমান হইবে ১০ (দশ) হাজার টাকা, ২০ (বিশ) হাজার টাকা, ৫০ (পঞ্চাশ) হাজার টাকা, ১ (এক) লক্ষ টাকা, ২ (দুই) লক্ষ টাকা এবং ৫ (পাঁচ) লক্ষ টাকা।

৬। **মুনাফা ঃ**

(১) মুনাফার হার ঃ

| নগদায়নের সময় | প্রদেয় মুনাফার হার | মন্তব্য |
|---|---|---|
| ১ম বছর অন্তে | ৮% | পূর্ণ মেয়াদের জন্য প্রতি মাসে প্রতি ১ লক্ষ টাকায় ১০০০ (এক হাজার) টাকা মুনাফা প্রদেয়। তবে মেয়াদ পূর্তির পূর্বে নগদায়ন করা হইলে বছরভিত্তিক প্রদেয় হারের অতিরিক্ত উত্তোলিত মুনাফা আসল হইতে কর্তন করা হইবে। |
| ২য় বছর অন্তে | ৯% | |
| ৩য় বছর অন্তে | ১০% | |
| ৪র্থ বছর অন্তে | ১১% | |
| ৫ম বছর অন্তে | ১২% | |

(২) বিভিন্ন মূল্যমানের সঞ্চয়পত্রের মুনাফার পরিমাণ নিম্নরূপ হইবে ঃ

| সঞ্চয়পত্রের মূল্যমান (টাকা) | মাসিক মুনাফার পরিমাণ (টাকা) |
|---|---|
| (ক) ১০,০০০/- | ১০০/- |
| (খ) ২০,০০০/- | ২০০/- |
| (গ) ৫০,০০০/- | ৫০০/- |
| (ঘ) ১,০০,০০০/- | ১,০০০/- |
| (ঙ) ২,০০,০০০/- | ২,০০০/- |
| (চ) ৫,০০,০০০/- | ৫,০০০/- |

মাসিক মুনাফা উত্তোলনের পর পাঁচ বৎসর মেয়াদ শেষে মূল বিনিয়োগকৃত অর্থ ফেরত পাওয়া যাইবে।

(৩) মেয়াদ পূর্তির পূর্বে সঞ্চয়পত্র নগদায়ন করিলে গৃহীত মাসিক মুনাফার টাকা বাদ দিয়া অবশিষ্ট অর্থ ফেরত দেওয়া হইবে। ১০ (দশ) হাজার টাকার সঞ্চায়পত্র ক্রয় করিয়া মেয়াদ পূর্তির পূর্বে নগদায়ন করিলে নিম্নে বর্ণিত অর্থ ফেরত পাওয়া যাইবে।

ছক

| সময়সীমা | মাসিক মুনাফা উঠাইয়া বিনিয়োগকৃত অর্থ ফেরত গ্রহণ করিলে প্রাপ্য টাকা |
|---|---|
| প্রথম বৎসর চলাকালীন | ১০,০০০—গৃহীত মুনাফা কর্তনযোগ্য |
| দ্বিতীয় বৎসর চলাকালীন | ১০,৮০০—১২০০=৯,৬০০/- |
| তৃতীয় বৎসর চলাকালীন | ১১,৮০০—২৪০০=৯,৪০০/- |
| চতুর্থ বৎসর চলাকালীন | ১৩,০০০—৩৬০০=৯,৪০০/- |
| পঞ্চম বৎসর চলাকালীন | ১৪,৪০০—৪৮০০=৯,৬০০/- |

(৪) **প্রথম বৎসর পূর্ণ হওয়ার পূর্বে সঞ্চয়পত্র নগদায়ন করিলে কোন মুনাফা দেওয়া হইবে না। এক্ষেত্রে মাসিক মুনাফা উত্তোলন করা হইয়া থাকিলে তাহা মূল টাকা হইতে বাদ দিয়া অবশিষ্ট টাকা ফেরত দেওয়া হইবে।**

(৫) ১ম, ২য়, ৩য় কিংবা ৪র্থ বৎসর পূর্ণ হওয়ার পর সঞ্চয়পত্র নগদায়ন করিলে নীতি ৬(২) এর ছক অনুয়ায়ী গৃহীত মাসিক মুনাফা বাদ দিয়া অবশিষ্ট অর্থ ফেরত দেওয়া হইবে। পূর্ণ বৎসর শেষে পরবর্তী ভগ্ন বৎসরের মাসিক মুনাফা গৃহীত হইয়া থাকিলে তাহাও কর্তন করিয়া রাখা হইবে।

৭। **আয়কর ঃ**

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর 52D ধারা অনুযায়ী সকল প্রকার সঞ্চয়পত্রের অর্জিত মুনাফা কর বৎসরে ১,৫০,০০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা আয়কর অব্যাহতি পাইবে। ১,৫০,০০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার উর্ধ্বে প্রাপ্য মুনাফার উপর ১০% হারে আয়কর প্রযোজ্য হইবে।

৮। **ক্রয় পদ্ধতি ও নিবন্ধন ঃ**

(১) নির্ধারিত ফরম পূরণ করিয়া ইস্যু অফিসে নগদ অর্থ বা চেকের মাধ্যমে এই সঞ্চয়পত্র ক্রয় করা যাইবে। চেকের মাধ্যমে সঞ্চয়পত্র ক্রয় করিলে চেকে উল্লেখিত অর্থ সংগ্রহের (Collection) তারিখে সঞ্চয়পত্র ইস্যু করা হইবে।

(২) ইস্যু অফিস বিনিয়োগকারীর নাম, ঠিকানা ও তৎকর্তৃক ক্রয়কৃত সঞ্চয়পত্রের বিবরণাদি এতদুদ্দেশ্যে রক্ষিত একটি রেজিস্টারে নিবন্ধন করিবে।

৯। নগদায়ন পদ্ধতি ঃ

(১) বিনিয়োগকারী সঞ্চয়পত্রের কুপনের নির্দিষ্ট স্থানে অর্থ প্রাপ্তি স্বীকারপূর্বক দস্তখত দিয়া, বিনিয়োগের ১ (এক) মাস পর হইতে কুপনের মাধ্যমে মাসিক মুনাফা গ্রহণ করিতে পারিবেন এবং মেয়াদ শেষে বিনিয়োগকৃত অর্থ গ্রহণ করিতে পারিবেন। মেয়াদ পূর্তির পূর্বেও ইচ্ছা করিলে বিনিয়োগকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ৬(১) অনুযায়ী প্রাপ্য মুনাফাসহ বিনিয়োগকৃত অর্থ গ্রহণ করিতে পারিবেন।

(২) বিনিয়োগকারীর অসামর্থ্যের কারণে তাহার মনোনীত ব্যক্তি শুধুমাত্র মুনাফা গ্রহণ করিতে পারিবেন। এই ক্ষেত্রে মনোনীত ব্যক্তির দস্তখত বিনিয়োগকারী কর্তৃক সত্যায়িত করিতে হইবে।

(৩) যে ইস্যু অফিস হইতে সঞ্চয়পত্র ক্রয় করা হয়, সেই ইস্যু অফিস হইতে অন্য ইস্যু অফিসে (একই প্রতিষ্ঠানের) নিবন্ধন হস্তান্তর করিয়া সঞ্চয়পত্রের অর্থ গ্রহণ করা যাইবে।

১০। মনোনয়ন ঃ

(১) বিনিয়োগকারী যে কোন এক বা একাধিক ব্যক্তিতে মনোনয়ন প্রদান করিতে পারিবেন। বিনিয়োগকারীর মৃত্যুর ক্ষেত্রে এইরূপ মনোনয়ন কার্যকর হইবে।

(২) বিনিয়োগকৃত অর্থের সম্পূর্ণ অথবা অংশবিশেষের জন্য মনোনয়ন প্রদান করা যাইবে।

(৩) বিনিয়োগের সময় মনোনয়ন প্রদান না করিলে পরবর্তী সময়েও বিনিয়োগকারী ইচ্ছা করিলে মনোনয়ন প্রদান করিতে পারিবেন।

(৪) বিনিয়োগকারী ইচ্ছা করিলে যে কোন সময় মনোনয়ন পরিবর্তন বা বাতিল করিতে পারিবেন।

(৫) বিনিয়োগকারী পূর্বে মনোনীত ব্যক্তি বা ব্যক্তিগণের মৃত্যু হইলে সংশ্লিষ্ট মৃত ব্যক্তির ক্ষেত্রে উক্ত মনোনয়ন বাতিল বলিয়া গণ্য হইবে।

(৬) যথাযথ মনোনয়ন ব্যতিরেকে বিনিয়োগকারী মৃত্যুবরণ করিলে তাহার ওয়ারিশ বা ওয়ারিশগণ তাহার প্রতি প্রযোজ্য পার্সোনাল ল' অনুযায়ী মুনাফাসহ বিনিয়োগকৃত অর্থ পাইবার অধিকারী হইবেন।

(৭) বিনিয়োগকারীর মৃত্যুর পর নমিনী বা উত্তরাধিকারী ইচ্ছা করিলে বিনিয়োগকারীর মৃত্যুর তারিখ পর্যন্ত প্রাপ্য টাকা গ্রহণ করিয়া প্রকল্প বন্ধ করিতে পারিবেন অথবা সঞ্চয়পত্রের মেয়াদ পর্যন্ত প্রকল্প চালু রাখিয়া নির্ধারিত হারে মুনাফা উত্তোলন করিতে পারিবেন।

১১। **সঞ্চয়পত্র হারানো ইত্যাদির ক্ষেত্রে ঃ**

(১) সঞ্চয়পত্র হারাইয়া গেলে, চুরি হইয়া গেলে কিংবা পুড়িয়া অথবা নষ্ট হইয়া গেলে সংশ্লিষ্ট ইস্যু অফিস কর্তৃক উহার পরিবর্তে ডুপ্লিকেট সঞ্চয়পত্র ইস্যু করা হইবে।

(২) সঞ্চয়পত্র হারানো, চুরি হওয়া, পুড়িয়া কিংবা নষ্ট হওয়ার ক্ষেত্রে থানায় প্রদত্ত তৎসম্পর্কিত এজাহার (জিডিএন্ট্রি) এর সত্যায়িত কপি, দৈনিক সংবাদপত্রে প্রকাশিত হারানো বিজ্ঞপ্তির কপিসহ "ডুপ্লিকেট সঞ্চয়পত্র" ইস্যুর জন্য দরখাস্ত করিতে হইবে। সঞ্চয়পত্র হারানোর বিষয়ে একজন প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেটের সামনে প্রদত্ত একটি এফিডেভিট ও ইনডেমনিটি বন্ড আবেদনপত্রের সংগে জমা দিতে হইবে।

(৩) আবেদনপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্র গৃহীত হওয়ার এক মাস পর "ডুপ্লিকেট সঞ্চয়পত্র" ইস্যু করা হইবে। মূল সঞ্চয়পত্রের ইস্যুর তারিখই ডুপ্লিকেট সঞ্চয়পত্রের ইস্যুর তারিখ হইবে।

১২। **অন্যান্য শর্তাবলী ঃ**

(১) পরিবার সঞ্চয়পত্র ব্যাংক ঋণের জন্য জামানত/আমানত হিসাবে ব্যবহার করা যাইবে না।

(২) ব্যবসা-বাণিজ্যে পরিবার সঞ্চয়পত্র জামানত হিসাবে ব্যবহার করা যাইবে না।

১৩। **অসুবিধা দূরীকরণ ঃ** এই নীতিমালায় উল্লেখিত নাই এমন কোন বিষয়ে কোন প্রশ্ন উত্থাপিত হইলে সংশ্লিষ্ট ক্ষেত্রে **Sanchayapatra Rules, 1977 (Amended upto June, 2002)** অনুযায়ী প্রয়োজনীয় অভিযোজন প্রযোজ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. নাসিরউদ্দীন আহমেদ**
সচিব।

**সঞ্চয়পত্র সম্পর্কে কতিপয় তথ্য ঃ**

১। সঞ্চয়পত্র ব্যাংক, ডাকঘর ও জাতীয় সঞ্চয় ব্যুরো থেকে কেনা ও ভাংগানো যায়।

২। ৫ বছর মেয়াদী পরিবার সঞ্চয়পত্র একক নামে সর্বোচ্চ ১০ লক্ষ্য টাকা ক্রয় করা যায়। ক্রয়সীমার অতিরিক্ত ক্রয়কৃত সঞ্চয়পত্রে কোন মুনাফা অর্জিত হয় না।

৩। প্রয়োজনে মেয়াদ পূর্তির আগেও নগদায়ন করা যায়, তবে এক বছর পূর্ণ হওয়ার আগে নগদায়ন করিলে কোন মুনাফা পাওয়া যায় না।

৪। সঞ্চয়পত্র হ্যারাইয়া গেলে বা চুরি হইয়া গেলে অথবা অন্য কোন কারণে বিনষ্ট হইয়া গেলে ক্রেতার অনুকূলে "ডুপ্লিকেট সঞ্চয়পত্র" ইস্যু করা হয়। সেক্ষেত্রে ইস্যুকারী অফিসের সহিত সত্ত্বর যোগাযোগ করিতে হইবে।

৫। সঞ্চয়পত্র সনাক্তকরণ রশিদটি সঞ্চয়পত্রের সংগে না রাখিয়া পৃথকভাবে যত্ন সহকারে রাখা বাঞ্ছনীয়।

ক্রেতার সত্যায়িত ছবি

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## জাতীয় সঞ্চয় পরিদপ্তর

## পরিবার সঞ্চয়পত্র ক্রয়ের ফরম

| নিবন্ধন নং | তারিখ |
|---|---|
| | |

০১। ক্রেতার নাম.............................................................................................

০২। ক্রেতার ঠিকানা ঃ (ক) স্থায়ী ঠিকানা ঃ (খ) বর্তমান ঠিকানা ঃ

.................................... ....................................

.................................... ....................................

০৩। ক্রেতার বয়স ঃ জন্ম তারিখ ঃ....................... ক্রয়ের তারিখে বয়স ঃ.....................

০৪। মোট কত টাকার সঞ্চয়পত্র ক্রয় করতে ইচ্ছুক ঃ অংকে ঃ.............................................

কথায় ঃ.............................................

০৫। পরিশোধের ধরণ ঃ

নগদ/চেক নং......................... তারিখ ঃ......................... ব্যাংক ঃ.........................

নমিনির সত্যায়িত ছবি।

০৮। নমিনি মনোনয়ন সংক্রান্ত

নমিনি(গণ)এর স্বাক্ষর/বৃদ্ধাংগুলির ছাপ

নমিনির নাম ও ঠিকানা ঃ

(১) নাম ঃ......................... সম্পর্ক ঃ........... টাকার পরিমাণ ঃ................ ১।

(ক) স্থায়ী ঠিকানা ঃ.............. (খ) বর্তমান ঠিকানা ঃ.............................

............................ ...................................................

(২) নাম ঃ......................... সম্পর্ক ঃ........... টাকার পরিমাণ ঃ................ ২।

(ক) স্থায়ী ঠিকানা ঃ.............. (খ) বর্তমান ঠিকানা ঃ.............................

............................ ...................................................

[ অপর পাতায় দ্রষ্টব্য]

০৯। এই মর্মে অংগীকার করিতেছি যে, আমি সর্বোচ্চ ক্রয়সীমার অতিরিক্ত সঞ্চয়পত্র ক্রয় করি নাই। ক্রয়সীমার অতিরিক্ত সঞ্চয়পত্র ক্রয় করিয়া থাকিলে উক্ত সঞ্চয়পত্রের কোন মুনাফা প্রাপ্য হইব না। আমি সংশ্লিষ্ট সঞ্চয়পত্রের বিধি-বিধান মানিয়া চলিতে বাধ্য থাকিবে।

১।

২।

তারিখ ঃ.................................... ক্রেতার স্বাক্ষর অথবা বৃদ্ধাংগুলির ছাপ

---

প্রাপ্তি স্বীকার/সনাক্তকরণ রশিদ (ব্যাংক/ডাকঘর/সঞ্চয় ব্যুরো পূরণ করবে)

| ক্রেতার সত্যায়িত ছবি | নিবন্ধন নং | তারিখ | নমিনি(গণ)এর সত্যায়িত ছবি |
|---|---|---|---|
| | | | |

| ক্রেতার নাম | ক্রেতার স্বাক্ষর/ বৃদ্ধাংগুলির ছাপ | নমিনি(গণ)এর নাম | নমিনি(গণ)এর স্বাক্ষর/বৃদ্ধাংগুলির ছাপ |
|---|---|---|---|
| (ক) ........................ | .................................. | (ক) ............................<br>(খ) ............................ | ................................<br>................................ |

| ইস্যু মূল্য | সঞ্চয়পত্রের ক্রমিক নং |
|---|---|
| | |
| | |
| | |
| | |
| | |

ইস্যু অফিসের সীলমোহর ও তারিখ

ইস্যুকারী কর্তৃপক্ষের স্বাক্ষর স্বাক্ষর ও সীল।

(ব্যাংক/ডাকঘর/সঞ্চয় ব্যুরো পূরণ করবে)

১০। সঞ্চয়পত্রের বিবরণ ঃ

| মূল্যমান | সঞ্চয়পত্রের ক্রমিক নং | সংখ্যা | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

মোট ইস্যুকৃত সঞ্চয়পত্রের সংখ্যা.......................................... ও টাকার পরিমাণ.........................................

[ অপর পাতায় দ্রষ্টব্য]

১১। বর্ণিত সঞ্চয়পত্র বুঝিয়া পাইলাম।

তারিখ ঃ ক্রেতার স্বাক্ষর/বৃদ্ধাংগুলির ছাপ

১২। স্থানান্তর, হস্তান্তর, ডুপ্লিকেট রশিদ ইস্যু ও অন্যান্য বিষয় সংক্রান্ত তথ্যসমূহ ঃ

তারিখ ও সিলমোহর ইস্যুকারী কর্তৃপক্ষের স্বাক্ষর

.................................................................................................................

এই রশিদটি সঞ্চয়পত্রের সহিত না রাখিয়া পৃথকভাবে যত্নসহকারে রাখা বাঞ্ছনীয়।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আবুল কাসেম, অতিঃ নিয়ন্ত্রক, উপ-নিয়ন্ত্রক এর অতিরিক্ত দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd